কমিউনিটি নেতা মাওলানা এখলাছুর রহমানের উপর সন্ত্রাসী হামলার প্রতিবাদে মানবন্ধন

চেম্বার প্রতিবেদক: বাংলাদেশ আনজুমানে আল ইসলাহ সৌদিআরব রিয়াদ সেন্ট্রাল কমিটি’র সভাপতি মাওলানা এখলাছুর রহমানের উপর হামলার প্রতিবাদে মানববন্ধন করেছে বাংলাদেশ আনজুমানে আল-ইসলাহ ও বাংলাদেশ আনজুমানে তালামীযে ইসলামিয়া সিলেট জেলা ও মহানগর শাখা। বৃহস্পতিবার (২৩ জুন) সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, সিলেটের স্মরণকালের ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে সৌদিআরব রিয়াদ সেন্ট্রাল কমিটি’র সভাপতি মাওলানা এখলাছুর রহমানের নেতৃত্বে ও আনজুমানে আল-ইসলাহ’র সৌদিআরব রিয়াদ সেন্ট্রাল কমিটি’র অর্থায়নে বন্যার্ত মানুষের মাঝে খাদ্যসামগ্রী ও রান্না করা খাবার বিতরণকালে মাওলানা এখলাছুর রহমানের উপর হামলার ঘটনা অত্যন্ত দুংখজনক ও পীড়াদায়ক। জামায়াতুল মুজাহিদীন (জেএমবি) এবং তাদের দুসর জামাত শিবির সন্ত্রাসী কর্তৃক এমন ন্যাক্ষারজনক ঘটনায় জড়িতদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে হবে। তারা আরো বলেন, অনতিবিলম্বে দোষীদের আইনের আওতায় নিয়ে না আসলে জোরালো আন্দোলন ঘোষণা করা হবে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন বাংলাদেশ আনজুমানে আল ইসলাহ্ কেন্দ্রীয় অফিস সম্পাদক মাওলানা আতাউর রহমান, জকিগঞ্জ সিনিয়র ফাজিল মাদরাসা’র (ভারপ্রাপ্ত) অধ্যক্ষ মাওলানা ইমাদ উদ্দিন, সাংবাদিক আহমদ হোসাইন আইমান, আল হাছিব তাপাদার, রায়হান আহমদ, আবু সাইদ আশিক, আব্দুর রহিম, কামরুল ইসলাম, মাজেদুল হক প্রমূখ।

প্রসঙ্গত, গতকাল বুধবার (২২জুন) সিলেটের বিভিন্ন এলাকায় বন্যাদুর্গতদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ কালে সিলেট সদর উপজেলা’র জালালাবাদ, রামপুর, নৈল্লাপুর বানভাসি মানুষের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ কালে হঠাৎ সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় দায়িত্ব পালনকালে মাওলানা এখলাছুর রহমানের উপর হামলা চালায় জামায়াতুল মুজাহিদীন (জেএমবি) এবং তাদের দোসর জামাত শিবির সন্ত্রাসী। পরে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে তাকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল হাসপাতালে

[illegible]